

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ১২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

শাখা-১৭

প্রজ্ঞাপন

তারিখ, ২৯ পৌষ ১৪০৯/১২ জানুয়ারি ২০০৩

এস, আর, ও নং ১০ আইন/২০০৩-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৮ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ- উপরি-উক্ত বিধিমালার বিধি ৬ এর পর নিম্নরূপ নূতন বিধি ৬ক সন্নিবেশিত হইবে, যথা-

“৬ক। বিশেষ বিধান।-কৃষি মন্ত্রণালয়ের ৬-২-১৪০০ বাং মোতাবেক ২০-৫-১৯৯৩ ইং তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং কৃষি-৩/বিবিধ-২/৯৩/২৮৫ দ্বারা **Bangladesh Agricultural Research Institute Ordinance, 1976 (LXII of 1976)** এর অধীন স্থাপিত **Bangladesh Agricultural Research Institute**, অতঃপর উক্ত ইনস্টিটিউট বলিয়া উল্লিখিত, এর নিম্নবর্ণিত কর্মকর্তা ও কর্মচারীগণকে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটে হস্তান্তরের কারণে তাহাদের চাকুরী মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটে হস্তান্তরিত বা ন্যস্ত হইয়াছে বলিয়া গণ্য করা হইবে, এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের চাকুরী পৃথক পৃথকভাবে তাহাদের চাকুরীতে প্রথম যোগদানের তারিখ হইতে সরকারী চাকুরী হিসাবে গণ্য

(১৬১)

মূল্যঃ টাকা ১.০০

করতঃ অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদিসহ জ্যেষ্ঠতা নির্ধারণের জন্য এই বিধিমালার আওতাধীন কর্মকর্তা ও কর্মচারী হিসাবে গণ্য করা হইবে, যথাঃ-

(ক) Directorate of Agriculture (Research and Education) এর কর্মকর্তা ও কর্মচারীগণ যাহারা Ordinance LXII of 1976 এর section 16 (c) এর অধীন উক্ত ইনস্টিটিউটে হস্তান্তরিত বা ন্যস্ত (stand transferred) হইয়া উহার অধীনস্থ এনালাইটিকেল সার্ভিসেস ডিভিশনে কর্মরত ছিলেন; এবং

(খ) উক্ত ইনস্টিটিউটের এনালাইটিকেল সার্ভিসেস ডিভিশনের কুমিল্লা, রাজশাহী, খুলনা ও জয়দেবপুর আঞ্চলিক গবেষণাগারে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

আইয়ুব কাদরী

সচিব।